মানসম্মত শিক্ষা প্রদানে শিক্ষকদের দক্ষতা উন্নয়নের ওপর গুরুত্বারোপ

নিজস্ব প্রতিবেদক

২৬ **নভেম্ব**র, ২০২৪ ২০:৫১

শেয়ার

অ +

অ -



যুগের সাথে তাল মিলিয়ে মানসম্মত শিক্ষা প্রদানের জন্যে শিক্ষকদের দক্ষতা উন্নয়নের প্রতি গুরুত্বারোপ করেছেন বিশিষ্টজনেরা। তারা শিক্ষায় আধুনিক ও ডিজিটাল প্রযুক্তির ব্যবহার এবং কমিউনিটির অংশগ্রহণ নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন।

মঙ্গলবার (২৬ নভেম্বর) রাজধানীর ধানমণ্ডিতে ঢাকা আহ্ছানিয়া মিশন (ডাম) কার্যালয়ে ডামের উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচির শ্রেষ্ঠ ইউসিএলসি ও শ্রেষ্ঠ শিক্ষক সম্মাননা প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেন তারা।

আরো পড়ুন



আলু-পেঁয়াজ রপ্তানি বন্ধ করল ভারত

ডামের প্রেসিডেন্ট অধ্যাপক ড. গোলাম রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন এনজিও ব্যুরোর পরিচালক আসিফ মাহমুদ।

বক্তৃতা করেন দাতা সংস্থার আলোকন ট্রাস্টের চেয়ারম্যান ড. মো. ইউসুফ আলি মোল্লা, ডামের ভাইস প্রেসিডেন্ট অধ্যাপক ড. কাজী শরীফুল আলম, নির্বাহী পরিচালক মো. সাজেতুল কাইয়ুম তুলাল, ডাম শিক্ষা সেক্টরের জয়েন্ট ডিরেক্টর মো. মনিরুজ্জামান প্রমুখ।

অনুষ্ঠানে বস্তি-এলাকার শিশুদের জন্য প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও নিন্ম মাধ্যমিক শিক্ষা কার্যক্রমের অগ্রগতি তুলে ধরে একটি উপস্থাপনা করা হয়। এ সময় জানানো হয়, এবারে শ্রেষ্ঠ ইউসিএলসির সম্মাননা ২০২৪ অর্জন করেছে কাপ-

আপ প্রকল্পের সৈয়দপুর কর্মএলাকার ধ্রুবতারা ইউসিএলসি। এছাড়া ডাম শিক্ষা সেক্টরের ৩টি উপানুষ্ঠানিক শিক্ষা কম্পোনেন্ট শ্রেষ্ঠ শিক্ষক ২০২৪ নির্বাচিত হয়েছে।

উপানুষ্ঠানিক প্রাক-প্রাথমিক শিক্ষায় শ্রেষ্ঠ শিক্ষক-২০২৪ অর্জন করেছেন কাপ- আপ প্রকল্পের মোহাম্মদপুর আনন্দধারা ইউসিএলসি-এর শিক্ষিকা পারভীন আক্তার। শ্রেষ্ঠ প্রাথমিক শিক্ষক-২০২৪ অর্জন করেছেন কাপ-আপ প্রকল্পের মিরপুর এভিনিউ-৫ সিএলসির শিক্ষিকা সুফিয়া আক্তার। শ্রেষ্ঠ শিক্ষক নিন্ম-মাধ্যমিক-২০২৪ মর্যাদা অর্জন করেছেন ইষ্ট আলোকন-২ প্রকল্পের নয়নতারা ইউসিএলসির শিক্ষিকা ছামেনা আক্তার।

আরো জানানো হয়, ডাম উপানুষ্ঠানিক শিক্ষকদের প্রেষণা প্রদান ও মানসম্মত শিক্ষক উন্নয়নের মাধ্যমে গুণগত শিক্ষা নিশ্চিতকরণে এই পুরষ্কার প্রদান করা হয়।

শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচনে শিক্ষকদের পেশাগত জ্ঞান ও উপলব্ধি, পেশাগত অনুশীলন এবং পেশাগত মূল্যবোধ ও সম্পর্ক স্থাপন এই তিনক্ষেত্রের ২৩ শিক্ষকমান বিবেচনায় নেওয়া হয়। একইভাবে শ্রেষ্ঠ শিখনকেন্দ্র নির্বাচনে শিক্ষাদানের পরিবেশ, প্রতিষ্ঠানের সাংগঠনিক দক্ষতা এবং শিক্ষা ও সহশিক্ষা কার্যক্রম বাস্তবায়ন এই তিনক্ষেত্রের ১৯টি সূচক বিবেচনা কার হয়।

অনুষ্ঠানে নির্বাচিত শ্রেষ্ঠ ইউসিএলসি ও শিক্ষিকাদের ক্রেস্ট, সার্টিফিকেট ও প্রাইজমানি প্রদান করা হয়।